



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/সাত-১২/২/১১৬

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৯  
৩০ জুন ২০২২

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে

- সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর স্মারক নং- বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-১২/২২৭৯/৬; তারিখ: ২৬/০৬/২০১৯ খ্রি.  
২। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১০.২২.২৯; তারিখ: ১৩/০১/২০২২ খ্রি.  
৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর স্মারক নং-বামাশিবো/প্রশা/সাত-১২/২/৮২; তারিখ: ০৪/০৪/২০২২ খ্রি.  
৪। উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা এর স্মারক নং-০৫.৪৪.৮৭২৫.০০১.১০.০২১.২২-৪৬৩; তারিখ: ১৮/০৫/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলাধীন হাদিপুর জগন্নাথপুর আহছানিয়া আলিম মাদ্রাসার সহকারী শিক্ষক-আইসিটি জনাব মোঃ ফজর আলী কে সূত্রোক্ত ০১ নং স্মারকে সাময়িক বরখাস্ত প্রত্যাহারপূর্বক স্বপদে পুনর্বহাল করে পত্র জারি করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগে সহকারী শিক্ষক-আইসিটি জনাব মোঃ ফজর আলী কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং ৭৫৫২/২০২১ এ প্রদত্ত রায়ে তাঁকে পুনর্বহাল সংক্রান্ত বোর্ডের সূত্রোক্ত ০১ নং স্মারকের নির্দেশনা বহাল রাখা হয় এবং সাময়িক বরখাস্ত থাকাকালীন বেতন ভাতা প্রদান সংক্রান্ত রিট পিটিশন নং ৩৬৫৭/২০১৫ এ প্রদত্ত রায়ে মোতাবেক তা বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রোক্ত ০২ নং স্মারক পত্রে নির্ধারিত কর্তৃপক্ষের নির্দেশ অবমাননা করায় “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ (২৩/১১/২০২০ খ্রি. পর্যন্ত সংশোধিত)” এর ১৮.১(খ) নির্দেশনা অনুযায়ী প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও সভাপতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আদালতের গোচরে আনার জন্য অনুরোধ করা হয়েছে। সূত্রোক্ত ০৩ নং স্মারকে জনাব মোঃ ফজর আলী, সহকারী শিক্ষক-আইসিটি পত্র জারির পর থেকে স্ব-পদে দায়িত্ব পালন করবেন এবং সাময়িক বরখাস্ত থাকাকালীন বেতন ভাতা প্রদান সংক্রান্ত রিট পিটিশন ৩৬৫৭/২০১৫ এ প্রদত্ত রায়ে নির্দেশনা মোতাবেক তা বাস্তবায়নের জন্য পত্র জারি করা হয়। জনাব মোঃ ফজর আলীকে দায়িত্ব পালনে বাধা প্রদান ও বেতন ভাতা প্রদান না করে অধ্যক্ষ মহামান্য আপীল বিভাগে CP No ১৮/২০২২ দায়ের করে। মহামান্য আপীল বিভাগ কর্তৃক হাইকোর্ট বিভাগের আদেশের বিরুদ্ধে No Order প্রদান করায় হাইকোর্ট বিভাগের আদেশ বহাল থাকে। তদুপরি অধ্যক্ষ জনাব মোঃ আব্দুস সালাম বোর্ডের, মহামান্য হাইকোর্ট বিভাগ এবং আপীল বিভাগের নির্দেশনা অমান্য করেছেন মর্মে প্রতীয়মান হয়েছে। দীর্ঘদিন মাদ্রাসায় পরিচালনা কমিটি না থাকায় গত ১১/০৪/২০২২ খ্রি. তারিখ উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা মাদ্রাসাটি পরিদর্শন করেন। পরিদর্শনকালে অধ্যক্ষ অনুমোদিত ছুটি ব্যতীত বিগত ২৬/০৩/২০২২ খ্রি. তারিখ থেকে অদ্যবধি অনুপস্থিত আছেন এবং প্রতিষ্ঠানের আয়-ব্যয়/হিসাব বিবরণী, ক্যাশ বই ও অন্যান্য রেজিস্ট্রারপত্র দেখতে চাওয়া হলে মাদ্রাসার হিসাব সহকারী তা প্রদর্শনে ব্যর্থ হয়েছেন মর্মে সূত্রোক্ত ০৪ নং স্মারকে পত্র প্রেরণ করেছেন।


বর্ণিত অবস্থায় বোর্ডের, মহামান্য হাইকোর্ট বিভাগ, আপীল বিভাগের নির্দেশনা অমান্য করায় এবং উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা এর মতামত অনুযায়ী অনুমোদিত ছুটি ব্যতীত মাদ্রাসায় অনুপস্থিত থাকায় কেন আপনি জনাব মোঃ আব্দুস সালাম এর এমপিও বাতিলের সুপারিশসহ বিধি মোতাবেক বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব পত্র জারির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
৩০/৬/২২

মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

  
৩০/৬/২২


জনাব মোঃ আব্দুস সালাম  
অধ্যক্ষ, হাদিপুর জগন্নাথপুর আহছানিয়া আলিম মাদ্রাসা  
দেবহাটা, সাতক্ষীরা।

নং-বামাশিবো/প্রশা/সাত-১২/২/১১৬

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮  
৩০ জুন ২০২২


সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. জেলা প্রশাসক, সাতক্ষীরা;
৩. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা;
৪. উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দেবহাটা, সাতক্ষীরা;
৬. সভাপতি/সদস্যবৃন্দ, মাদ্রাসা পরিচালনা কমিটি, হাদিপুর জগন্নাথপুর আহছানিয়া আলিম মাদ্রাসা, দেবহাটা, সাতক্ষীরা;
৭. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. অফিস কপি।

  
৩০/৬/২২

মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

  
৩০/৬/২২